

প্রতিবাদে ধর্মঘট

এই সময়: মে মাসের গোড়ায় (২ ও ৩ মে) দু'দিনের ‘প্রতিবাদ ধর্মঘট’ করতে চলেছে পূর্বাঞ্চলের কোরাগাঁওটেড় বন্ড প্রস্তুতকারী সংস্থাগুলি। কাগজ কারখানাগুলির বিরুদ্ধে অন্যায়ভাবে ক্রাফট পেপারের দাম বাড়িয়ে চলার অভিযোগে এনেছে কোরাগাঁওটেড় বন্ড প্রস্তুতকারী সংস্থাগুলির সংগঠন ইস্টার্ন ইণ্ডিয়া কোরাগাঁওটেড় বন্ড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (ইআইসিএমএ)। সংগঠনটির মতে, শেষ দু'-তিন মাসে কাগজ কারখানাগুলি প্রতি টন ক্রাফট পেপারের দাম তিন হাজার টাকা বাড়িয়ে দিয়েছে। কোরাগাঁওটেড় বন্ড তৈরিতে মূল কাঁচামাল হিসাবে ক্রাফট পেপার ব্যবহৃত হয়। শুক্রবার সংগঠনের সভাপতি মিলন কুমার দে বলেন, ‘কাগজ কারখানাগুলি সম্মিলিতভাবে ক্রাফট পেপারের দাম নিয়ন্ত্রণ করছে। তার সঙ্গে পান্না দিয়ে আঠা ও আনুষঙ্গিক পণ্যের দামও বেড়েছে। শ্রমিকদের মজুরি বাবদ খরচ তিন গুণ বেড়ে গিয়েছে।’